দৈনিক ইত্তেফাক

141

তারিখ OCT 30 1999
পৃষ্ঠা ২ কলাম ৬

## প্রথম শ্রেণীতে প্রথম ছাত্রের ব্যাখ্যা

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগ হইতে বি,এ (অনার্স) ও এমএ-তে প্রথম শ্রেণীতে প্রথম স্থান অধিকারী মোঃ হাফিজার রহমান হাফিজ গত ২০শে অক্টোবর দৈনিক ইত্তেফাকে প্রকাশিত 'প্রথম শ্রেণীতে প্রথম স্থান অধিকারীর কাণ্ড' শীর্ষক সংবাদের প্রতিবাদ করিয়াছেন। এক বিবৃতিতে তিনি বলিয়াছেন, সংবাদটি সত্য নয়। আমি আমার শ্রদ্ধেয় শিক্ষক ডঃ মুহম্মদ শাহজাহান মিয়ার কাছে বিভিন্ন সময়ে কাজের খরচ ও পারিশ্রমিক বাবদ (২000+8৫00/-) টাকা পাওনা আছি। গত ১৯শে অক্টোবর নীলক্ষেত পুলিশ ফাঁড়ির সামনে স্যারের সাক্ষাৎ পাইলে আমি বিনয়সহ সালাম দিয়া আমার পাওনা টাকা হইতে কমপক্ষে ৫00/- টাকা তাহার নিকট চাহিয়াছিলাম। সে কারণে স্যার আমার বিরুদ্ধে মিথ্যা চাঁদাবাজি মামলা দিয়া আমাকে বিগত ১০ দিন জেল-হাজত খাটিতে বাধ্য করিয়াছেন। অথচ আমি সম্পূর্ণ নির্দোষ। স্যারের এহেন কর্মকাণ্ডে আমি অত্যন্ত মর্মাহত। আমাকে সকলের কাছে হেয় করার জন্য এবং আমার ভবিষ্যৎ জীবন নষ্ট করার জন্যই স্যার সু-কৌশলে বিভিন্ন পত্র-পত্রিকায় খবরটি প্রকাশের ব্যবস্থাও করিয়াছেন। আমি সংবাদটির প্রতিবাদ ও নিন্দা জানাই।